

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত)
“পল্লী ভবন”

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website: www.prdp-brdb.gov.bd



পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.০১.০৫৩.২০-৮৯২

তারিখঃ ২৫/০৬/২০২০খ্রিঃ

বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী কার্য সম্পাদন প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থ বছরের প্রকল্পের বরাদ্দকৃত অর্থ ইতোমধ্যে মাঠ পর্যায়ে ছাড়করণ সম্পন্ন হয়েছে। আর্থিক বিধি বিধান অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের যাবতীয় ব্যয় ৩০/০৬/২০২০ তারিখের মধ্যে নির্বাহ সম্পন্ন করতঃ অব্যয়িত অর্থ, অর্জিত ব্যাংক সুদ, কর্তনকৃত ভ্যাট ও উৎসে করের অর্থ নির্ধারিত কোড নম্বরে (অব্যয়িত অর্থ কোড নং-১-৩৮০১-০০০১-২৬৭১ ও অর্জিত ব্যাংক সুদ কোড নং ১-৩৮০১-০০০১-২৬৮১) সরকারি কোষাগারে জমা করতে হবে। ইতোমধ্যে প্রকল্পের ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থ বছরের অডিট কার্য সম্পন্ন হয়েছে এবং অতি দ্রুত সময়ের মধ্যে ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থ বছরের অডিট কার্য সম্পাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায় ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ আর্থিক বছরসমূহের প্রকল্পের অডিট কার্য সম্পাদনের লক্ষ্যে ক্যাশ বহি, সাধারণ খতিয়ান, চেক বহি, ষ্টক রেজিস্টার, নথি পত্র, বিল ভাউচার ইত্যাদি যথাযথভাবে সংরক্ষণের পাশাপাশি ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ আর্থিক বছরের ব্যাংক স্টেটমেন্ট, ক্যাশ একাউন্ট, ব্যাংক সমন্বয় বিবরণী, ব্যয় বিবরণী ইত্যাদি প্রস্তুত রাখার জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ ও জরুরী।

মোঃ আবু সালেক
প্রকল্প পরিচালক

প্রাপক

- ১। উপপরিচালক, বিআরডিবি (সকল)-----।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট), উপজেলা-----জেলা-----।

পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.০১.০৫৩.২০-৮৯২

তারিখঃ ২৫/০৬/২০২০খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ২। অফিস নথি।

২৫/০৬/২০
সেখ আমিনুর ইসলাম
উপপরিচালক